

# President of India addresses Indian Community and Friends of India in Bangladesh on the concluding day of his visit to the Country

December 17, 2021

ভারতের রাষ্ট্রপতি বাংলাদেশে তার সফরের অন্তিম দিনে ভারতীয় সম্প্রদায় এবং বাংলাদেশে ভারতের মিত্রদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেছেন।

ডিসেম্বর 17, 2021

ভারতের রাষ্ট্রপতি শ্রী রাম নাথ কোবিন্দ তার বাংলাদেশে সফরের অন্তিম দিনে (ডিসেম্বর 17, 2021), ঢাকায় বাংলাদেশে ভারতের হাই কমিশনার শ্রী বিক্রম কে ডোরাইস্বামী আয়োজিত অভ্যর্থনা সভায় ভারতীয় সম্প্রদায় এবং ভারতের মিত্রদের সাথে যোগদান করেছেন।

সমাবেশের উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে, এই সভার ঠিক পূর্ব মুহূর্তে ঢাকায় পুনর্নির্মিত ঐতিহাসিক রমনা কালীবাড়ি উদ্বোধন করার তার সৌভাগ্য হয়েছে। তিনি উল্লেখ করেছেন যে, এই মন্দিরটিকে, যেটি পাকিস্তানি সৈন্যরা মুক্তিযুদ্ধের সময় ধবংস করে দিয়েছিল, পুনরায় গড়ে তুলতে বাংলাদেশ এবং ভারতের জনগণ ও সরকার সাহায্য করেছে। দখলদার সৈন্যদের হাতে বিশাল সংখ্যার মানুষের মৃত্যু হয়েছিল। তিনি বলেছেন যে, এই মন্দিরটি ভারত এবং বাংলাদেশের জনগণের মধ্যে আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক বন্ধনের প্রতীক স্বরূপ। রাষ্ট্রপতি বলেন যে, ভারতীয়দের হৃদয়ে বাংলাদেশের জন্য একটি বিশেষ স্থান রয়েছে। আমাদের মধ্যে বৎসর-প্রাচীন আত্মীয়তা, বন্ধিত ভাষা ও সংস্কৃতি ভিত্তিক এক অনন্য ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। আমাদের সম্পর্ক দুই দেশের বিচক্ষণ নেতৃত্বের দ্বারা লালিত হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশের একটি প্রগতিশীল, অন্তর্ভুক্তিমূলক, গণতান্ত্রিক ও সৌহার্দ্যপূর্ণ সমাজের মৌলিক মূল্যবোধ বজায় রাখা হল প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্যতম প্রধান অবদান। তিনি আশ্বাস দিয়েছেন যে ভারত এমন একটি বাংলাদেশের সমর্থনে দাঁড়াবে যা এদেশের স্বাধীনতা আন্দোলন থেকে উদ্ভূত মূল্যবোধকে সাকার করে তোলে।

রাষ্ট্রপতি এটা জেনে খুশি হয়েছেন যে আমাদের অগ্রগতির গতিপথ একে অপরের সাথে যুক্ত এবং

সম্পদ ও অভিজ্ঞতার আদান-প্রদান হল স্থিতিশীল উন্নয়নের মূলমন্ত্র, এই বিষয়ে উভয় দেশের নেতৃত্ব সচেতন। তিনি এটা জেনও খুশি হয়েছেন যে, আমাদের উভয় পক্ষ আমাদের অগ্রগতিকে অন্তর্ভুক্তিমূলক, স্থিতিশীল এবং পরিবেশ-বান্ধব করে গড়ে তোলার প্রতি দৃঢ় প্রতিশ্রুতি বদ্ধ। তিনি বলেছেন যে, গ্রীন এনার্জি এবং পরিষ্কার প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা আরও মজবুত করার বিশাল সম্ভাবনা দেখতে পাচ্ছেন।

রাষ্ট্রপতি বলেছেন যে, ভুটান এবং নেপালের সাথে স্থল সীমান্ত ভাগ করে নেওয়া একটি দেশ হিসেবেও ভারত এই বিষয়ে সচেতন যে, আমাদের জনগণের জীবন যাত্রার মানকে আরও উন্নত করার এবং তাদের অগ্রগতিকে অর্জন করা ও উন্নয়নমূলক আকাঙ্ক্ষা অর্জনের জন্য একটি সুসংযুক্ত ও সুসমন্বিত উপ-অঞ্চল গুরুত্বপূর্ণ। এই চেতনায়, ভারত বৃহত্তর সমৃদ্ধির দিকে এগিয়ে যাবার সাথে সাথে বাংলাদেশের মজবুত অর্থনীতির প্রতি যাত্রাপথে অংশীদারি হিসেবে বাংলাদেশকে সাহায্য করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ। তিনি উভয় পক্ষের ব্যবসায়িক সম্প্রদায়কেও আর্জি জানিয়েছেন বিশেষত বাংলাদেশ এবং ভারতের উত্তর পূর্ব অঞ্চলের মধ্যে বাণিজ্য এবং অর্থনৈতিক সংযোগকে নতুন উচ্চতায় নিয়ে যাবার জন্য এই সুযোগকে ব্যবহার করতে।

বাংলাদেশের ভারতীয় সম্প্রদায়কে প্রশংসা করে রাষ্ট্রপতি বলেছেন যে, বাংলাদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে তারা অবদান রেখেছেন। তারা বাংলাদেশের অর্থনৈতিক এবং সামাজিক বিকাশে অবদান রাখার সাথে সাথে ভারত-বাংলাদেশ দীর্ঘস্থায়ী ঘনিষ্ঠ সম্পর্ককে জোরালো করেছেন। তিনি বলেছেন যে, ভারতীয় সম্প্রদায় আমাদের অঞ্চলে সমৃদ্ধি আনয়নের জন্য ভারতকে গর্বিত করেছে। এটি করার সময় তারা আমাদের দেশের মূল্যবোধ এবং ঐতিহ্যকেও অনুসরণ করেছেন যেটি বাংলাদেশের সাথে আমাদের ভাগ করে নেওয়া ঐতিহ্যেরও একটি অংশ।

রাষ্ট্রপতি বলেছেন যে, বিশ্বের সর্ব অংশে ভারতীয় নাগরিকদের নিরাপত্তা, সুরক্ষা, কল্যাণ এবং কুশলতা হল আমাদের সরকারের অগ্রাধিকার। পৃথিবীর প্রতিটি কোণায় গত দেড় বছর ধরে কোভিড-19 অতিমারীর সবথেকে খারাপ সময়ে সরকার আমাদের নাগরিকদের ঘরে ফিরিয়ে আনার জন্য বিশেষ প্রচেষ্টা চালিয়ে গেছে। তিনি বলেছেন যে, সরকার বিদেশে আমাদের নাগরিকদের সাথে এবং সেই সাথে ভারতীয় অভিবাসীদের সাথে আমাদের সংযোগকে শক্তিশালী করার জন্য যাবতীয় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়াকে চালিয়ে যাবে। তিনি জেনে খুশি হয়েছেন যে, সংকটকালে ভারতীয় নাগরিকদের জন্য অন্যান্য কল্যাণকামী ক্রিয়াকর্ম এবং আমাদের 'বন্দে

ভারত মিশন' কার্যে ঢাকার ভারতীয় হাই কমিশন সামনের সারিতে ছিল। রাষ্ট্রপতি বলেন যে, এটি এমন একটি অদ্বিতীয় বছর যখন আমরা মুক্তি যুদ্ধের স্বর্ণ জয়ন্তী ,বঙ্গবন্ধুর জন্ম শতবর্ষ এবং আমাদের মৈত্রীর 50 বছর সেই সাথে ভারতের স্বাধীনতার 75 তম বার্ষিকী পালন করছি তখন আমাদের উচিত আমাদের জাতির জনকদের স্বপ্নগুলিকে পূরণ করার জন্য আমাদের নিজেদের পুনরুৎসর্গীকৃত করা। 1971 -এর রক্ত এবং আলোৎসর্গের দ্বারা দুট বন্ধনকে ভবিষ্যতে বেঁধে রাখার জন্য একসাথে এগিয়ে নিয়ে যেতে হবে বলে তিনি তারা আস্থা ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

ডিসেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.